

উচ্চশিক্ষা প্রতিষ্ঠানকে বিশ্বমানে উন্নীত করার লক্ষ্যে কাজ করছে সরকার : শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোকে বিশ্বমানে উন্নীত করার লক্ষ্যে সরকার কাজ করছে জানিয়ে শিক্ষামন্ত্রী মুকুল ইসলাম নাহিদ বলেছেন, "এজন্য সরকার গুরুত্ব দিয়ে এ খাতকে তদারকি করছে। বর্তমান সরকার উচ্চ শিক্ষার চাহিদা পূরণের লক্ষ্যে অনেকগুলো সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপনের অনুমতি দিয়েছে এবং এগুলোর গুণগত মান ধরে রাখার জন্য প্রয়োজনীয় সব পদক্ষেপ গ্রহণ করেছে।"

শিক্ষামন্ত্রী গতকাল রাজধানীর বাজায় ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের ৫ম সমাবর্তন অনুষ্ঠানে স্টেপটি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে সভাপতির বক্তৃতায় এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী উচ্চশিক্ষার প্রত্যাশিত মান নিশ্চিত করতে মানসম্পন্ন বিশ্ববিদ্যালয় স্থাপন এবং বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন-২০১০ অনুযায়ী কার্যক্রম পরিচালনা করার জন্য বেসরকারি উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, "আমি সংশ্লিষ্ট সবাইকে ব্যবসা ও মূল্যায়ন চিন্তা ত্যাগ করে জনকল্যাণে, সেবার মনোভাব ও শিক্ষায় জন্য অবদান রাখার দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে আসার আহ্বান জানাচ্ছি।"

মন্ত্রী আরও বলেন, "আমাদের শিক্ষার মূল লক্ষ্য, নতুন প্রজন্মকে আধুনিক বাংলাদেশের নির্মাতা হিসেবে প্রস্তুত করা। প্রচলিত, গতানুগতিক শিক্ষায় তা সম্ভব নয়। বর্তমান যুগের সঙ্গে সঙ্গতিপূর্ণ আধুনিক বিশ্বমানের শিক্ষা ও জ্ঞান প্রযুক্তিতে দক্ষ, নৈতিক মূল্যবোধ ও দেশসেবায় উদ্বুদ্ধ এক পরিপূর্ণ মানুষ তৈরি করা আমাদের প্রধান লক্ষ্য। তারা আধুনিক ডিজিটাল বাংলাদেশ গড়ে তুলবে এবং ভবিষ্যতে নেতৃত্ব দিতে সক্ষম হবে।"